



**Bangladesh Water Development Board**

স্মারক নং-নিঃ প্রঃ/গাজী/ঢাকা ক্যাম্প/০৫

তারিখঃ ১৪/০১/২০২৪ খ্রিঃ


**“শোকবার্তা”**

অত্যন্ত দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, গাজীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গাজীপুর দপ্তরের উপ-বিভাগীয় প্রকৌশলী(পুর) জনাব মোঃ বরকত উল্লাহ ভূঁঞা রাজধানীর কিডনি ফাউন্ডেশন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজ সকাল আনুমানিক ০৭.৪৫ মিনিটে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫২ বছর। তিনি স্ত্রী, এক পুত্র ও এক কন্যাসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

তাঁর মৃত্যুতে গাজীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গাজীপুর দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত।

মরহুম জনাব মোঃ বরকত উল্লাহ ভূঁঞা তাঁর চাকুরীকাল অত্র দপ্তরের কর্মকান্ডে ও বাপাউবোতে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে উল্লেখযোগ্য অবদান রেখেছেন। আমরা তাঁর অতীত কর্মকান্ডের গৌরবোজ্জ্বল স্মৃতি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি।

তাঁর শোকাহত পরিবারের সকল সদস্যের প্রতি আমরা গভীর সমবেদনা জানাচ্ছি এবং পরম করুণাময়ের নিকট তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি। তাঁর পরিবার পরিজন যেন এই অপরিমেয় শোক সহ্য করতে পারেন তাঁর জন্য মহান আল্লাহর নিকট প্রার্থনা করছি।

  
তারিখঃ ১৪/০১/২০২৪  
(মোহাম্মদ জহির উদ্দীন)  
নির্বাহী প্রকৌশলী (পুর)  
গাজীপুর পানি উন্নয়ন বিভাগ  
বাপাউবো, গাজীপুর।

স্মারক নং-নিঃ প্রঃ/গাজী/ঢাকা ক্যাম্প/০৫(৪)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। প্রধান প্রকৌশলী(পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), পানি উন্নয়ন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। শোকবার্তাটি বাপাউবোর ওয়েবসাইটে ([www.bwdb.gov.bd](http://www.bwdb.gov.bd)) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। অফিস কপি।

তারিখঃ ১৪/০১/২০২৪ খ্রিঃ

  
তারিখঃ ১৪/০১/২০২৪  
নির্বাহী প্রকৌশলী (পুর)  
গাজীপুর পানি উন্নয়ন বিভাগ  
বাপাউবো, গাজীপুর।